



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫১.১৯./১২৭২

তারিখ : ২৫/০৪/২০২২ খ্রি.

বিষয় : ঢাকা মহানগরীর নিউ মডেল ডিগ্রি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক জনাব এ.বি.এম বেলাল হোসেন ভূঁঞাকে বিধি বহির্ভূতভাবে বেতনভাতা প্রদানের বিষয়ে ব্যাখ্যা প্রদান।

সূত্র : স্মারক নং মাউশি/ঢাঅ/তদন্ত/২০১৭/১৮৫২ তারিখ : ২৩/০৩/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর নিউ মডেল ডিগ্রি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক জনাব এ.বি.এম বেলাল হোসেন ভূঁঞা উপাধ্যক্ষ(একাডেমিক) পদে যোগদান করে সহকারী অধ্যাপকের বেতনভাতা উত্তোলনের উত্তোলনের পাশাপাশি বিধি বহির্ভূতভাবে প্রতিষ্ঠানের তহবিল থেকে উপাধ্যক্ষের বিপরীতে বেতন ভাতা উত্তোলন করে আত্মাসাতের অভিযোগ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে তদন্ত করা হয়। সূত্রোক্ত স্মারক মোতাবেক তদন্ত কর্মকর্তা মতামতসহ প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তার অনুসন্ধান থেকে প্রাপ্ত প্রতিবেদন পর্যবেক্ষণ ও মতামত বিশ্লেষণপূর্বক পরিলক্ষিত হয় যে, জনাব এ.বি.এম বেলাল হোসেন ভূঁঞা হিসাববিজ্ঞান বিষয়ে প্রভাষক পদে ০১/০৩/১৯৯১ খ্রি. তারিখে যোগদান করেন এবং একই তারিখে এমপিওভুক্ত হন। জনবল কাঠামো ও এমপিও নীতিমালা মোতাবেক তিনি ০১/০৫/২০১৪ খ্রি. হতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি ও প্রাপ্য স্কেল (৬ষ্ঠ গ্রেড) প্রাপ্ত হন এবং বর্তমানেও একই গ্রেডে বেতন-ভাতাদির সরকারি অংশ গ্রহণ করছেন। জনাব এ.বি.এম বেলাল হোসেন ভূঁঞা ২৬/০১/২০১০ খ্রি. হতে ৩১/০১/২০২২ খ্রি. পর্যন্ত উপাধ্যক্ষ (সৃষ্ট/একাডেমিক/২) পদে কর্মরত থেকে চাকুরিকাল অতিবাহিত করেছেন এবং আর্থিক সুযোগ সুবিধা গ্রহণ করেছেন। উপাধ্যক্ষ (সৃষ্ট/একাডেমিক/২) পদের নিয়োগ ১৭/০১/২০১৫ খ্রি. গভর্নিংবডি কর্তৃক বাতিল করার পরেও তিনি (জনাব ভূঁঞা) উক্ত উপাধ্যক্ষ পদবি ব্যবহার করেছেন এবং আর্থিক সুযোগ সুবিধা গ্রহণ করছেন। বিধিমোতাবেক ডিগ্রি কলেজে প্রাপ্য উপাধ্যক্ষ পদ ০১ (এক)টি। নিউ মডেল ডিগ্রি কলেজে পূর্ব হতে বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত ও কর্মরত উপাধ্যক্ষ (জনাব মো: আজহারুল ইসলাম) থাকায় জনাব এ.বি.এম বেলাল হোসেন ভূঁঞা এর উপাধ্যক্ষ (সৃষ্ট) পদের নিয়োগ বিধিসম্মত হয়নি বিধায় উক্ত পদে (উপাধ্যক্ষ/সৃষ্ট/একাডেমিক/২) থেকে আর্থিক সুযোগ সুবিধা গ্রহণ করাও বিধিসম্মত হয়নি।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার পর্যবেক্ষণ ও মতামতের বিষয়ে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে জবাব/ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫.৪.২২

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

- (১) সভাপতি, গভর্নিংবডি,  
নিউ মডেল ডিগ্রি কলেজ, ধানমন্ডি, ঢাকা
- (২) অধ্যক্ষ  
নিউ মডেল ডিগ্রি কলেজ, ধানমন্ডি, ঢাকা